**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নেভি-গ্রামেন এর দূষণ সম্পূর্ণভাবে সীমাবদ্ধ রাখার বিষয়টি আরো এগিয়ে নেওয়ার জন্য বাধ্যতামূলক সম্মতির ডিক্রি আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত করা হয়েছে বলে গভর্নর হোকল ও অ্যাটর্নি জেনারেল জেমসের ঘোষণা

***নরথ্রপ গ্রামেন এবং যুক্তরাষ্ট্রের নৌবাহিনী উভয়ে আনুষ্ঠানিকভাবে দূষণের অধিকতর বিস্তার প্রতিরোধ করতে ঐতিহাসিক ক্লিনআপ কর্মসূচি বাস্তবায়নের অঙ্গীকার ব্যক্ত করেছে***

***নরথ্রপ গ্রামেন ক্লিনআপ, পাবলিক পানি সরবরাহ, এবং ভূগর্ভস্থ জলাধারের সুরক্ষা প্রকল্পগুলো এগিয়ে নেওয়ার জন্য 104.4 মিলিয়ন ডলারের প্রাকৃতিক সম্পদের ক্ষতির সেটেলমেন্ট প্রদান করতে সম্মত হয়েছে***

***লং আইল্যান্ডের একমাত্র উৎস ভূগর্ভস্থ জলাধার সুরক্ষিত ও পুনরুদ্ধার করার কাজ ইতোমধ্যে চলমান রয়েছে***

গভর্নর ক্যাথি হোকল ও অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আজ আদালতে একটি সম্মতির ডিক্রি নথিভুক্ত করার কথা ঘোষণা করেছেন যেটি নরথ্রপ গ্রামেনের (Northrop Grumman) জন্য বেথপেজে নরথ্রপ গ্রামেন বেথপেজ ফ্যাসিলিটি (Northrop Grumman Bethpage Facility) এবং নেভাল ওয়েপন্স ইন্ডাস্ট্রি রিজার্ভ প্ল্যান্ট (Naval Weapons Industrial Reserve Plant) সাইটগুলোতে ভূগর্ভস্থ পানির দূষণ সীমাবদ্ধ রাখা ও ক্লিনআপ করার একটি সমন্বিত পরিকল্পনা এগিয়ে নেওয়া আবশ্যক করেছে। ভূগর্ভস্থ পানির এই দূষিত অংশ পুরোপুরিভাবে আবদ্ধ রাখা আশেপাশের কমিউনিটিগুলোর পানির সরবরাহে দূষণ ছড়িয়ে পড়া প্রতিরোধ করবে এবং স্থানীয় বাসিন্দাদের মানসিক প্রশান্তি দেবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নিরাপদ, নির্মল পানির অ্যাক্সেস পাওয়ার অধিকার রয়েছে, এবং আমরা আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখতে এবং এটিকে দূষণমুক্ত রাখা নিশ্চিত করতে সাহসী, আগ্রাসী প্রচেষ্টাসমূহ এগিয়ে নেওয়া অব্যাহত রাখবো," **বলেছেন গভর্নর হোকল**। "এই ঐতিহাসিক চুক্তির মধ্য দিয়ে, আমরা ভূগর্ভস্থ পানি দূষণের ফলে দীর্ঘ সময় ধরে নেতিবাচকভাবে প্রভাবিত হয়ে আসা লং আইল্যান্ডের কমিউনিটিগুলোকে ন্যায়বিচার প্রদান করছি এবং একই সময়ে দূষণকারীদের তাদের কৃতকর্মের জন্য জবাবদিহিতার সম্মুখীন করছি। আমাদের

কমিউনিটিগুলোর স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা এই স্টেটে আমাদের সর্বোচ্চ অগ্রাধিকারগুলোর মধ্যে অন্যতম, এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি নির্ভরযোগ্য, নির্মল পানির উৎস থাকা নিশ্চিত করতে আমরা অব্যাহতভাবে কাজ করে যাবো।"

**অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেন,** "কয়েক দশক ধরে, নরথ্রপ গ্রামেনের জানা ছিল যে এটির বিপজ্জনক বর্জ্য বিনষ্টকরণের সাইটগুলো লং আইল্যান্ডের সুপেয় পানির একমাত্র উৎসের মধ্যে বিষাক্ত পদার্থ নির্গত করছে। লং আইল্যান্ডবাসীরা কোম্পানিটির অবহেলার পরিণাম ভোগ করেছে, কিন্তু আজ আমরা অবশেষে গ্রামেনকে এটির করে যাওয়া দূষণ পরিষ্কারের জন্য কাজ করতে হওয়া মিউনিসিপ্যালিটিগুলো ও স্টেটকে অর্থ পরিশোধ করতে বাধ্য করার মাধ্যমে এটির পরিবেশের ক্ষতি করার বিষয়টি মোকাবেলা করতে বাধ্য করছি। কোম্পানিগুলোর নোংরা নির্গমনের জন্য তাদেরকে নিয়ন্ত্রণ করার ব্যাপারে EPA-এর সক্ষমতা সীমাবদ্ধ করে দেওয়ার সুপ্রিম কোর্টের দায়িত্বজ্ঞানশূন্য সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, আমি নরথ্রপ গ্রামেনের মতো কর্পোরেশনগুলোর করে যাওয়া ক্ষতি প্রশমনের জন্য আগের যেকোনো সময়ের চেয়ে বেশি দৃঢ় প্রতিজ্ঞ। আমাদের পরিবেশ, আমাদের প্রাকৃতিক সম্পদগুলো এবং আমাদের শিশুদের ভবিষ্যতের ক্ষতি করে কেউ যাতে পার না পায় সে বিষয়টি নিশ্চিত করতে আমি সরকারগুলোতে আমার অংশীদারদের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাবো।"

"এই সম্মতির ডিক্রি নরথ্রপ গ্রামেন ফ্যাসিলিটির এলাকায় আমাদের পরিবেশের ও সুপেয় পানির নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি অপরিহার্য পদক্ষেপ," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "আমাদের শিশুরা যাতে বেড়ে উঠা ও সমৃদ্ধি লাভ করার একটি নিরাপদ পরিবেশ পায় তা নিশ্চিত করা আমাদের গুরুদায়িত্ব এবং এই পদক্ষেপ বেথপেজ কমিউনিটির জন্য সেই স্বস্তি ও মানসিক প্রশান্তি নিয়ে আসবে।"

এই চূড়ান্ত ডিক্রি নিউ ইয়র্ক স্টেট ও নরথ্রপ গ্রামেনের মধ্যকার চুক্তিকে প্রতিফলিত করে যেখানে গ্রামেনের ক্লিনআপ কার্যক্রমের পরিধি এবং স্টেটের খরচ হওয়া অর্থ পরিশোধ করা এবং প্রাকৃতিক সম্পদের ক্ষয়ক্ষতির (NRD) জন্য নরথ্রপ গ্রামেনের দায়বদ্ধতা লিপিবদ্ধ থাকবে। এছাড়াও এই চুক্তি আরো শক্তিশালী নাগরিক অংশগ্রহণ কর্মসূচির সুযোগ প্রদান করছে, যার মধ্যে সব আগ্রহী স্টেকহোল্ডারকে তথ্যের উন্নত অ্যাক্সেস পাওয়া এবং DEC-এর তত্ত্বাবধানে কোম্পানিটির ক্লিনআপ কার্যক্রম সম্পর্কে অধিকতর মতামত প্রদান করার সক্ষমতা প্রদান করবে এমন একটি নাগরিক অংশগ্রহণের ওয়ার্কিং গ্রুপের জন্য গ্রামেনের তহবিল প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে। প্রথম বারের মতো এই ডিক্রিতে একটি নির্ধারিত সময়সূচি অন্তর্ভুক্ত করা হয়েছে, যেটি আদালত কর্তৃক প্রণীত হওয়ার পরে এই ডিক্রি কার্যকর হওয়ার তারিখ থেকে পাঁচ বছর পরে শেষ হবে এবং গ্রামেনের জন্য এই চুক্তিতে লিপিবদ্ধ সব নির্মাণকাজ সম্পন্ন করা আবশ্যক হবে। এছাড়াও এটি ক্ষতিগ্রস্ত ওয়াটার ডিস্ট্রিক্টগুলোতে নরথ্রপ গ্রামেন কর্তৃক বাড়তি NRD পেমেন্ট প্রদান করা এবং দায়ী পক্ষগুলোর বিরুদ্ধে দাবি উত্থাপনের জন্য অয়েস্টার বে টাউনের অধিকার সুস্পষ্টভাবে সংরক্ষণ করার মাধ্যমে খসড়া সম্মতি ডিক্রি সম্পর্কে জনসাধারণের মন্তব্য করার জন্য নির্ধারিত সময়কালে কমিউনিটিগুলো থেকে পাওয়া মতামতগুলো প্রতিফলিত করে।

ইতোপূর্বে দেওয়া ঘোষণা অনুযায়ী, নরথ্রপ গ্রামেন 104.4 মিলিয়ন ডলারের একটি NRD সেটেলমেন্টের জন্য সম্মত হয়েছে যা দূষিত পানির সাথে সম্পর্কিত ক্লিনআপ, সরকারি পানি সরবরাহ, এবং ভূগর্ভস্থ জলাধারের সুরক্ষা প্রকল্পগুলো এগিয়ে নেওয়ার জন্য ব্যবহৃত হবে। NRD হিসেবে মোট 63.5 মিলিয়ন ডলার অর্থ পরিশোধ করা হচ্ছে, যার মধ্যে 29 মিলিয়ন ডলার বেথপেজ ওয়াটার ডিস্ট্রিক্টের জন্য, 12.5 মিলিয়ন ডলার সাউথ ফার্মিংডেল ওয়াটার ডিস্ট্রিক্টের জন্য, এবং 22 মিলিয়ন ডলার পুনরুদ্ধার প্রকল্পগুলোতে ব্যবহারের জন্য নিউ ইয়র্ক স্টেটের জন্য নির্ধারণ করা হয়েছে। এই সম্মতির ডিক্রির অংশ হিসেবে, নরথ্রপ গ্রামেন সেটেলমেন্ট চুক্তি অনুযায়ী বাড়তি ক্লিনআপ কার্যক্রমের দায়িত্ব গ্রহণের জন্য 40.9 মিলিয়ন ডলার প্রদান করবে।

এই সম্মতির ডিক্রি নরথ্রপ গ্রামেনের জন্য পূর্ব ও দক্ষিণ প্রান্তের দূষণ সীমাবদ্ধ করার পাশাপাশি দূষিত অঞ্চলের কেন্দ্রীয় অংশ থেকে দূষণ অপসারণ ত্বরান্বিত করা আবশ্যক করছে। সুনির্দিষ্টভাবে বললে, নরথ্রপ গ্রামেন অঞ্চলটিতে অধিকতর দূষণ ছড়িয়ে পড়া প্রতিরোধ করতে এবং নিকটস্থ সরকারি পানি সরবরাহ লাইনের কূপগুলোকে বাড়তি সুরক্ষা প্রদান করতে দূষিত অঞ্চলের পূর্ব-কেন্দ্রীয় ও দক্ষিণ-পূর্ব অঞ্চলে দূষণ সীমাবদ্ধকারী কূপের নকশা তৈরি ও খনন করছে। এসব কূপ, এই সম্মতি ডিক্রির অধীনে আবশ্যক অন্যান্য পদক্ষেপের সঙ্গে মিলে, এসব ফ্যাসিলিটির নির্গমনকৃত অস্থিতিশীল জৈব যৌগ ও বিপজ্জনক পদার্থগুলো পরিষ্কার করতে সাহায্য করবে, যার মধ্যে ট্রাইক্লোরোইথিলিন ও 1,4-ডাইঅক্সেন অন্তর্ভুক্ত রয়েছে।

এই সম্মতির ডিক্রি চূড়ান্ত হওয়ার দ্বারা এগিয়ে যাওয়া ত্বরাণ্বিত কাজের মধ্যে নরথ্রপ গ্রামেন কর্তৃক দূষিত অঞ্চলের দক্ষিণ-পূর্ব অংশের এক চতুর্থাংশ এলাকায় একটি প্রাথমিক তদন্ত চালু করা অন্তর্ভুক্ত রয়েছে। এই তদন্ত কাজের মধ্যে এক্সট্র্যাকশন কূপগুলো স্থাপন ত্বরাণ্বিত করার জন্য এই গ্রীষ্মে বোরিং ড্রিল করা অন্তর্ভুক্ত রয়েছে।
সেইসাথে, যুক্তরাষ্ট্রের নৌবাহিনী DEC-এর সঙ্গে সমঝোতার পরে, নৌবাহিনী যেসব এলাকায় ক্লিনআপের দায়িত্ব পেয়েছে সেসব দূষিত এলাকাগুলোতে সমন্বিত সংস্কারের উপাদানগুলো বাস্তবায়ন করবে। এসব পদক্ষেপ নেভি-গ্রামেন দূষিত অঞ্চলের পশ্চিমার্ধের দূষণ মোকাবেলার জন্য সুনির্দিষ্টভাবে নকশা করা হয়েছে। যুক্তরাষ্ট্রের নৌবাহিনী 2021 সালের সেপ্টেম্বর মাসে চূড়ান্ত হওয়া একটি উল্লেখযোগ্য পার্থক্যের ব্যাখ্যা অনুযায়ী এটির বাধ্যবাধকতা পূরণ করবে।

একসঙ্গে, এসব পদক্ষেপ এবং দূষিত অঞ্চলের অভ্যন্তরে ও প্রান্তিক অঞ্চলে নৌবাহিনীর কার্যক্রম দূষণ সীমাবদ্ধ রাখবে এবং দূষিত অঞ্চল পরিষ্কারের কার্যক্রম ত্বরাণ্বিত করবে। অধিকন্তু, সংস্কারকাজের কার্যকারিতা অব্যাহত থাকা নিশ্চিত করতে সব পক্ষ দূষণ সীমাবদ্ধ রাখা ও দূষিত অঞ্চলের গতিবিধি সতর্কতার সাথে তদারক করতে এবং ক্লিনআপ পরিকল্পনার উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য অপরিহার্য চুক্তির আওতাধীন যেকোনো সমণ্বয় সাধন করতে সম্মত হয়েছে।

2020 সাল থেকে, যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ও নরথ্রপ গ্রামেন আবশ্যক সংস্কারকাজ বাস্তবায়নের ক্ষেত্রে ইতোমধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যার মধ্যে হাইড্রলিক উপায়ে দূষিত অঞ্চল সীমাবদ্ধ রাখা ও সংস্কার করার জন্য এক্সট্র্যাকশন কূপের একটি নেটওয়ার্ক স্থাপন শুরু করা অন্তর্ভুক্ত রয়েছে। উদাহরণস্বরূপ, চলমান অন্যান্য কাজের মধ্যে, নৌবাহিনী একটি সর্বাধুনিক গ্রাউন্ডওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের নির্মাণকাজ শুরু করেছে যা এবছরের শেষ নাগাদ

কার্যক্রম শুরু করতে পারবে বলে প্রত্যাশা করা হচ্ছে, আবশ্যক ছয়টি এক্সট্র্যাকশন কূপের মধ্যে চারটি স্থাপন করেছে, এক্সট্র্যাকশন কূপগুলো থেকে ট্রিটমেন্ট প্ল্যান্টে কনভেয়েন্স পাইপিং স্থাপন শুরু করেছে, এবং পরিশোধিত পানি ব্যবস্থাপনার জন্য দুইটি রিচার্জ বেসিন পুনর্বাসন করেছে।

এছাড়াও বেথপেজ কমিউনিটি পার্কের দক্ষিণে দূষণ মোকাবেলার জন্য একটি গ্রাউন্ডওয়াটার এক্সট্র্যাকশন ও ট্রিটমেন্ট সিস্টেমের অংশ হিসেবে গ্রামেন একটি নতুন গ্রাউন্ডওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের নির্মাণকাজ শুরু করেছে যা 2022 সালের গ্রীষ্মের শেষ নাগাদ কার্যক্রম শুরু করতে পারবে বলে প্রত্যাশা করা হচ্ছে, 11,000 ফুট দীর্ঘ কনভেয়েন্স পাইপিং স্থাপন সম্পন্ন করেছে, এবং তিনটি এক্সট্র্যাকশন কূপ সচল করতে শুরু করেছে। নরথ্রপ গ্রামেন ও নৌবাহিনী উভয়েই লং আইল্যান্ডের একমাত্র উৎস ভূগর্ভস্থ জলাধার (1998 সালে প্রথম সিস্টেম চালু হওয়ার পর থেকে শুরু করে 200,000 পাউন্ডের বেশি) থেকে কার্যকরভাবে দূষণ অপসারণের জন্য বিদ্যমান তিনটি গ্রাউন্ডওয়াটার এক্সট্র্যাকশন ও ট্রিটমেন্ট সিস্টেম পরিচালনা করা অব্যাহত রেখেছে। অবশিষ্ট আবশ্যিকতাগুলো নিয়ে কাজ চলছে এবং DEC-এর নিবিড় তত্ত্বাবধানে পরিচালিত হবে।

যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ও নরথ্রপ গ্রামেনের ক্লিনআপ কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপের পাশাপাশি, বর্তমানে যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ও গ্রামেনের সাথে সংশ্লিষ্ট নয় এমন এলাকাগুলোতে প্রয়োজনীয় প্রচেষ্টা সম্পন্ন করার দায়িত্ব গ্রহণের জন্য নিউ ইয়র্ক স্টেট বাড়তি সম্ভাব্য পক্ষ খুঁজছে। যদি DEC এসব এলাকার সংস্কারের জন্য সম্ভাব্য দায়িত্বশীল পক্ষ শনাক্ত করতে না পারে, তাহলে নিউ ইয়র্ক স্টেট যেকোনো প্রয়োজনীয় ক্লিনআপের দায়িত্ব গ্রহণ করবে।

নেভি-গ্রামেন ক্লিনআপ সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন,** "এই ডিক্রির মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেট দূষণকারীদের জবাবদিহিতার মুখোমুখী দাঁড় করানো এবং নরথ্রপ গ্রামেন ও যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর কার্যপরিচালনার ফলে কয়েক দশক ধরে দূষণের শিকার হওয়া কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতা বাস্তবায়ন করছে। পরিবেশ সংরক্ষণ বিভাগ অধিবাসীদের ও স্থানীয় নেতৃবৃন্দের কাছ থেকে এই ডিক্রি সম্পর্কে মূল্যবান মতামত পেয়েছে এবং জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষার জন্য পুরোপুরিভাবে দূষণ আবদ্ধ রাখা নিশ্চিত করতে এই জটিল ও কার্যকর ক্লিনআপ কার্যক্রম পুরোপুরিভাবে বাস্তবায়নের জন্য জনসাধারণের সাথে নিবিড়ভাবে কাজ করে যাবে।"

**সিনেটর চাক স্কুমার বলেন**, "লং আইল্যান্ডের কমিউনিটিগুলোর এবং নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে অংশীদারিত্বে কয়েক বছর ধরে সমর্থন জানিয়ে যাওয়ার পরে, আমাদের স্বাগত জানানো এই চূড়ান্ত সম্মতির ডিক্রি গ্রামেন ও নৌবাহিনীর জন্য শক্তিশালী ক্লিনআপ কার্যক্রম পরিচালনা করা আবশ্যক করেছে, এবং এই লড়াইয়ের সামনের সারিতে থাকা স্থানীয় ওয়াটার ডিস্ট্রিক্টগুলো এবং নিউ ইয়র্কের কাছে অতি প্রয়োজনীয় তহবিল পৌঁছে যাওয়া নিশ্চিত করছে। আমি গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসের সাথে লড়াই চালিয়ে যাবো যাতে বাসিন্দাদের সুপেয় পানি রক্ষা করা যায় এবং নৌবাহিনী ও গ্রামেন অবশেষে দূষণ পরিষ্কার করার জন্য প্রয়োজনীয় সকল কিছু করছে তা নিশ্চিত করা যায়।"

**স্টেট সিনেটর টোড কামিনস্কি বলেন,** "লং আইল্যান্ডের ভূগর্ভস্থ জলাধারগুলো এর একটি অবিচ্ছেদ্য অংশ যা লং আইল্যান্ডকে বিশেষ করে তোলে। এই চূড়ান্ত ডিক্রির মাধ্যমে, যারা আমাদের পানি দূষিত করে তাদেরকে দায়ী করার জন্য স্টেট গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছে, যাতে আমরা ভবিষ্যত প্রজন্মের জন্য পরিষ্কার, নিরাপদ সুপেয় পানি সরবরাহ করা নিশ্চিত করতে পারি। আমাদের কমিউনিটিকে সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য নেতৃত্ব দেওয়ায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**স্টেট সিনেটর কেভিন থমাস বলেন,** "আমি দায়িত্ব গ্রহণের পর থেকে গ্রামেনের দূষণ পরিষ্কার করা আমার অগ্রাধিকারের বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমি গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমসকে নরথ্রপ গ্রামেনের সাথে একটি চুক্তি চূড়ান্ত করার জন্য সাধুবাদ জানাই যা লং আইল্যান্ডের করদাতাদের রক্ষা করার পাশাপাশি কমিউনিটির মতামত ও স্বার্থের কথা মাথায় রেখে তৈরি করা হয়েছিল। এই প্রয়োজনীয় তহবিল নিশ্চিত করা লং আইল্যান্ডবাসীদের জন্য একটি যুগান্তকারী বিজয়, কারণ এটি স্থানীয় ওয়াটার ডিস্ট্রিক্ট এবং আমাদের পরিষ্কার পানি সুরক্ষিত রাখার জন্য তাদের অব্যাহত প্রতিশ্রুতিকে সমর্থন করার জন্য ব্যবহার করা হবে।"

**স্টেট সিনেটর জন ব্রুকস বলেন,** "বেথপেজের দূষণ একটি কার্যকর সমাধান ছাড়াই অনেক বছর ধরে লং আইল্যান্ডে একটি ক্ষত হয়ে রয়েছে। নরথ্রপ গ্রামেনের সাথে এই সীমাবদ্ধকরণ চুক্তিতে মধ্যস্থতা করে, গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস এমন কিছু অর্জন করেছেন বলে মনে হচ্ছে যা অন্য কেউ করতে সক্ষম হয়নি; দূষিত ভূগর্ভস্থ পানি ধারণ ও পরিষ্কার করার জন্য এবং ক্ষতিগ্রস্তদের স্বাস্থ্য ও সুরক্ষা আরো উন্নত করার জন্য একটি বিস্তৃত পরিকল্পনা। যেহেতু দূষিত স্থানটি আমার নির্বাচনী এলাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমরা এগিয়ে যাওয়ার ক্ষেত্রে আমার অগ্রাধিকার, আমি গভর্নর হোকল এবং AG জেমসকে এই গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই।"

**স্টেট সিনেটর জিম গগরান বলেন,** "নরথ্রপ গ্রামেন আমাদের ভূগর্ভস্থ জলাধারের যে ক্ষতি করেছে তা পরিষ্কার করতে তাদেরকে বাধ্য করার জন্য নিরলস পরিশ্রম করার জন্য আমি গভর্নর হোকল ও অ্যাটর্নি জেনারেল জেমসকে ধন্যবাদ জানাতে চাই। আমাদের পরিবেশ, আমাদের সুপেয় পানি এবং আমাদের দ্বীপের ভবিষ্যতের জন্য আজ একটি গুরুত্বপূর্ণ দিন।"

**স্টেট সিনেটর আন্না এম. কাপলান বলেছেন,** "যেকোনো কমিউনিটিতে ভূগর্ভস্থ পানি দূষণের উপস্থিতির কারণে লং আইল্যান্ডের প্রতিটি কমিউনিটি হুমকির মুখে পড়েছে, এবং দূষণকারীরা যা ফেলে গেছে তার জন্য তাদেরকে দায়ী করার পাশাপাশি আমাদের শিল্প-উৎপাদনের অতীত থেকে দূষণ পরিষ্কার করার জন্য আমরা যা কিছু করতে পারি তা করা অপরিহার্য। আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল লং আইল্যান্ডের করদাতাদের রক্ষা করার জন্য মধ্যস্থতা করতে একটি পুঙ্খানুপুঙ্খ ও সম্পূর্ণ পরিকল্পনার মাধ্যমে বিশাল গ্রামেনের দূষণ মোকাবেলা করছেন এবং লং আইল্যান্ডের সুপেয় পানি রক্ষা করার জন্য তার অব্যাহত প্রচেষ্টায় তার পাশে দাঁড়াতে পেরে আমি গর্বিত।"

**অ্যাসেম্বলি সদস্য স্টিভ ইংলেব্রাইট বলেন,** "আজকের ঘোষণাটি বেথপেজে দূষণের ফলে সৃষ্ট পরিবেশগত অন্যায় সংশোধনে একটি ঐতিহাসিক পদক্ষেপ। যেহেতু এটি আমাদের বাসিন্দাদের জন্য পানীয় জলের একমাত্র উৎস, সেহেতু যারা এটি দূষিত করে তাদেরকে দায়বদ্ধ রাখতে হবে। এই কাজটি সমাপ্তি রেখায় নিয়ে আসার জন্য আমি গভর্নর ও অ্যাটর্নি জেনারেলকে সাধুবাদ জানাই"

**অ্যাসেম্বলি সদসদ্য ডেভিড জি. ম্যাকডানা বলেন,** "পরিবেশ এবং বিশেষ করে লং আইল্যান্ডে আমাদের পানির সরবরাহ রক্ষার জন্য প্রয়োজনীয় এই পদক্ষেপের জন্য আমি গভর্নর এবং অ্যাটর্নি জেনারেলকে সমর্থন করি।"

**অ্যাসেম্বলি সদস্য জন মিকুলিন বলেন,** "স্টেটের একজন আইনপ্রণেতা হিসেবে, আমি আমাদের পানি সরবরাহ সুরক্ষিত রাখার এবং গ্রামেনের দ্বারা দূষিত স্থানটির সংস্কারের জন্য দূষণকারীদের দায়বদ্ধ করার প্রচেষ্টায় নিরলস সমর্থন দিয়ে গেছি। আজকের সম্মতির ডিক্রি অতীতে আমাদের ভূগর্ভস্থ পানির সরবরাহ দূষিত করার জন্য গ্রামেনকে আর্থিকভাবে জবাবদিহিতার মুখোমুখী দাঁড় করানোর ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এছাড়া এখনো যেসব কাজ সম্পন্ন করা বাকি রয়েছে সেগুলোর প্রতিও আমি মনোযোগ দিচ্ছি, এবং আমি দূষণের শিকার অঞ্চলটিতে এবং এর আশেপাশের এলাকায় বসবাসকারী প্রতিবেশীদের জন্য একটি স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করতে স্টেটের ও স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যেতে আগ্রহী।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল ডুর্সো বলেন,** "আমাদের ভূগর্ভস্থ পানিকে দূষিত করার জন্য গ্রামেনকে দায়বদ্ধ করা এই সম্মতির ডিক্রিকে আমি সাধুবাদ জানাই, এবং এই অর্জনের দিকে নিয়ে আসার জন্য আমার পূর্বসূরী, ওয়েস্টার বে টাউনের সুপারভাইজার জোসেফ সালাডিনোকে অ্যাসেম্বলিতে তার কাজের জন্য ধন্যবাদ জানাই। একজন অ্যাসেম্বলি সদস্য হিসেবে, আমি বেথপেজ ও আশেপাশের কমিউনিটিগুলোর জন্য পরিবেশ ও পানি সরবরাহ সুরক্ষিত রাখতে গভর্নর হোকল, DEC, ওয়েস্টার বে টাউন এবং স্থানীয় ওয়াটার ডিস্ট্রিক্টগুলোর সাথে একটি শক্তিশালী, সহযোগিতার সম্পর্ক অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

**ওয়েস্টার বে টাউনের সুপারভাইজার জোসেফ সালাডিনো বলেন,** "অতীতের দূষণের জন্য গ্রামেনকে আর্থিকভাবে দায়বদ্ধ করা আজকের এই সম্মতির ডিক্রির মধ্য দিয়ে স্টেট অ্যাসেম্বলিতে আমার তৈরি করা বিলটি একটি নতুন মাইলফলকে পৌঁছে গেছে। যদিও এখনো অনেক কাজ করা বাকি আছে, আমি গর্বিত যে আমাদের সম্মিলিত প্রচেষ্টা - গভর্নর হোকল, DEC, টাউন অফ অয়েস্টার বে এবং স্থানীয় ওয়াটার ডিস্ট্রিক্টগুলো - বেথপেজ ও আশেপাশের কমিউনিটিগুলিকে আমাদের কমিউনিটি, পরিবেশ ও পানি সরবরাহের প্রতি দূষণ এবং এর হুমকি থেকে সুরক্ষিত রাখছে।"

**বেথপেজ ওয়াটার ডিস্ট্রিক্টের সুপারিন্টেন্ডেন্ট মাইকেল জে. বউফিস বলেন,** "আজকের এই ডিক্রি নথিভুক্তকরণ বেথপেজ কমিউনিটির জন্য একটি দীর্ঘ অধ্যায়ের সমাপ্তি এবং একটি নতুন অধ্যায়ের সূচনা নির্দেশ করছে। বেথপেজ ওয়াটার ডিস্ট্রিক্টের পক্ষ থেকে আমি যারা এই প্রক্রিয়ায় সম্পৃক্ত হয়েছেন এবং এখানে পৌঁছাতে আমাদের সাহায্য করেছেন তাদের সবাইকে

ধন্যবাদ জানাতে চাই। কমিশনার সেগোস এবং ডেপুটি কমিশনার ব্র্যান্ডকে আমি তাদের অবিচল সমর্থনের জন্য ব্যক্তিগতভাবে ধন্যবাদ জানাতে চাই। ঐতিহাসিক কাল থেকে চলে আসা দূষণ, কিংবা নতুন উদীয়মান হুমকি, যেটিই মোকাবেলা করতে হোক না কেন, বেথপেজ ওয়াটার ডিস্ট্রিক্ট সবসময় আমাদের কমিউনিটি, আমাদের গ্রাহকদের, এবং আমাদের সুপেয় পানির মান বজায় রাখার সমর্থনে উঠে দাঁড়াবে।"

**ম্যাসাপেক্যুয়া ওয়াটার ডিস্ট্রিক্টের সুপারিন্টেন্ডেন্ট কেভিন রেইলি বলেন,** "দূষণ সীমাবদ্ধ রাখার বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে এবং জনসাধারণের সুপেয় পানির উৎস সুরক্ষিত রাখবে এমন সংশোধিত সিদ্ধান্তের রেকর্ডের সঙ্গে নরথ্রপ গ্রামেন সম্মত হওয়ায় আমরা আনন্দিত। এই প্রকল্প সম্পন্ন করার ক্ষেত্রে DEC-এর প্রচেষ্টাকে আমরা সাধুবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418